

# KANYASHREE UNIVERSITY

M.A. 2<sup>nd</sup> Semester Examination-2022

Subject: Bengali

Course-CC-9

Bengali Narrative & Lyric Poetry

পূর্ণমান: ৪০

সময়: ২ ঘণ্টা

## ‘ক’ বিভাগ

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন

(১০ x ২ = ২০)

- ১) ‘গাইব মা বীররসে ভাসি মহাগীত’- প্রাচ্য নন্দনতান্ত্রিকের দৃষ্টিকোণে *মেঘনাদবধ কাব্য* বিচার করুন।  
অথবা,  
রাবণ চরিত্রটিকে বান্দীকি, কালিদাস, কৃত্তিবাস ও মধুসূদনের কবি প্রতিভার আলোকে তুলনামূলক আলোচনা করুন।
- ২) *সারদামঙ্গল*-এর ভাবাশ্রয় ও তার প্রকাশে বিহারীলালের বিশিষ্টতা আলোচনা করুন।  
অথবা,  
ত্রিবিধ সরস্বতীর মূর্তি-চিত্রাঙ্কণে বিহারীলালের মন্বয়তার পরিচয় দিন।
- ৩) *জীবনদেবতা* কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনদেবতা তত্ত্বটি ব্যাখ্যা করুন।  
অথবা,  
নারীবাদী দৃষ্টিকোণ থেকে রবীন্দ্রনাথের *ঊর্ধ্বশী* কবিতার স্বরূপ বিশ্লেষণ করুন।
- ৪) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত *স্বাধীনতা সঙ্গীত* কবিতাটি দেশবাসীর অন্তরে স্বাধীনতা স্পৃহা জাগ্রত করতে কতদূর সার্থক হয়েছে তা আলোচনা করুন।  
অথবা,  
*রমণীর মন* কবিতায় কবি গোবিন্দচন্দ্র দাস নারী হৃদয়ের প্রেমরহস্য উদঘাটনে যে স্বকীয় ভাবনার প্রকাশ ঘটিয়েছেন কবিতা অনুসরণে তার তাৎপর্য ব্যাখ্যা করুন।

## ‘খ’ বিভাগ

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন

(৫ x ৪ = ২০)

- ১) ‘হায় নাথ, নিজ কর্মফলে/ মজালে রাঙ্কসকুল মজিলা আপনি।’- কে, কাকে কোন প্রসঙ্গে একথা বলেছেন? এ মন্তব্যের মাধ্যমে বক্তার চরিত্রের যে বৈশিষ্ট্য প্রকাশিত তার প্রতি আলোকপাত করুন।
- ২) ‘সুখের প্রদীপ সখী নিবাইলা সদা/ প্রবেশি যে গৃহে, অমঙ্গলারূপী।’- কে কেন নিজেকে অমঙ্গলা বলেছেন? প্রসঙ্গত তাঁর চরিত্র বৈশিষ্ট্য পর্যালোচনা করুন।
- ৩) ‘এই সব শ্রান্ত শুষ্ক ভগ্ন বুক/ ধনিয়া তুলিতে হবে আশা।’- কাদের বুক কেমন এই আশা জাগিয়ে তুলতে হবে পাঠ্য কবিতা অনুসরণে বুঝিয়ে দিন।
- ৪) *অন্তর্ঘামী* কবিতায় রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর অন্তরবাসিনী মহাশক্তি লীলা যেভাবে উপলব্ধি করেছিলেন তা সংক্ষেপে লিখুন।
- ৫) ‘পরের কারণে স্বার্থ দিয়া বলি/ এ জীবন মন সকলি দাও/ তার মত সুখ কোথাও কি আছে/ আপনার কথা ভুলিয়া যাও।’- উদ্ধৃত অংশে প্রকৃত সুখ সম্পর্কে কবির যে ধারণা প্রকাশিত তা সংক্ষেপে লিখুন।
- ৬) ‘কেন ডর ভীকু কর সাহসের আশ্রয়/ যতো ধর্মস্ততো জয়।’- পঙ্কজদ্বয়ের মধ্যে কবির যে মনোভাবনার প্রকাশ ঘটেছে তাঁর স্বরূপ ব্যাখ্যা করুন।
- ৭) *সারদামঙ্গল* কাব্যের চতুর্থ পর্বে যে হিমালয়ের বর্ণনা দিয়েছেন কবি, তার উপযোগিতা ব্যাখ্যা করুন।